

বাংলাদেশ হাই কমিশন
লন্ডন

প্রেস বিজ্ঞপ্তি

লন্ডন, ০৪ মার্চ ২০১৯

বঙ্গবন্ধুর জন্মদিনে “বঙ্গবন্ধু ও বৃটেন” শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন -

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে যুক্তরাজ্যস্থ বাংলাদেশ হাই কমিশন বাংলাদেশী-বৃটিশ শিশু-কিশোরদের এক চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করেছে। প্রতিযোগিতার বিষয় : “বঙ্গবন্ধু ও বৃটেন”। আগামী ১৭ মার্চ ২০১৯ তারিখ রবিবার বিকেল ৫:৩০ টায় Impression Events Venue, Milner Road, London E15 3AD-তে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

নিম্ন বর্ণিত গ্রুপ অনুযায়ী শিশু-কিশোরদের প্রতিযোগিতায় অংশ গ্রহণের আবহান করা হচ্ছে :

- (ক) গ্রুপ এ : ০৬-১০ বছর
(খ) গ্রুপ বি : ১১-১৪ বছর
(গ) গ্রুপ সি : ১৫-১৮ বছর

আগ্রহী শিশু-কিশোরদের পিতা-মাতা/অভিবাবকগণকে আগামী ১২ মার্চ ২০১৯ তারিখ মঙ্গলবারের মধ্যে প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য নিম্ন বর্ণিত তথ্য, ইমেইল (hoc@bhclondon.org.uk) বা ফ্যাক্স (০২০ ৭৫৮১৭৪৭৭) এর মাধ্যমে পাঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে। প্রয়োজনে ০৭৪০৫ ০২৯৮২৫ নম্বর ফোনে যোগাযোগ করা যেতে পারে।


প্রতিযোগী শিশু-কিশোরদের তথ্য-

নাম :

জন্ম তারিখ :

পুরুষ/মহিলা :

পিতা-মাতা/অভিবাবকের ফোন নম্বর :


(মোঃ আশিকুন নবী চৌধুরী)
মিনিস্টার (প্রেস)